দৈনিক জনকণ্ঠ

তারিখ 30 DEC 1993
পৃষ্ঠা 8 কলাম 6

## মিশন ও কেজি স্কুল বনাম সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান

দেশে গণশিক্ষাকে বাধ্যতামূলক আকর্ষণীয় হিসাবে বাস্তবায়নের লক্ষ্যে বিটিভি ও রেডিওতে বিভিন্নভাবে প্রচারকার্য অব্যাহত রয়েছে। কিন্তু বাস্তবে কতটুকু সুফল হচ্ছে এটাই আমার লেখার মূল উদ্দেশ্য। বর্ধিত জনসংখ্যার মুখে সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যাও নিতান্ত কম নয়-অথচ বহুবছর হলেও ধনী-গরিব নির্বিশেষে মানুষ কষ্ট স্বীকার করে নির্ভরযোগ্য হিসাবে ঝুঁকে পড়ছে মিশন ও কেজি স্কুল ইত্যাদি নামের মুষ্টিমেয় শিক্ষা প্রতিষ্ঠানের ওপর। এতে দেশের সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্র সংখ্যা অপ্রতুল লক্ষণীয়। ফলে শিক্ষা ক্ষেত্রে অনেকেই অনিচ্ছাকৃত পিছিয়ে। এখন প্রশ্ন- কেন এই বৈষম্য ও প্রতিবন্ধকতা? মিশন ও কেজি ইত্যাদি নামের স্কুলের নিয়মনীতি ও প্রতিষ্ঠানগত কারণ যাই থাক, সমস্ত সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ও পরিবেশ মান উন্নয়নে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ন্যায় কিছুটা হলেও চেষ্টা করে জনগণের আস্থা ও নির্ভরতা ফিরিয়ে আনা নিশ্চয় কঠিন নয়। মাননীয় শিক্ষামন্ত্রী, আপনি বিষয়টি ভেবে দেখবেন বলে আশা রাখি।

মোছাঃ জান্নাতুল ফেরদাউস (রিনা)
সাং- সাধুপাড়া, পোঃ পীরগঞ্জ বাজার
থানা+জেলা-নাটোর।